



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

প্রাণিবিদ্যা বিভাগের ১৩ তম ব্যাচের নবীনবরণ ও ৭ম ব্যাচের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



‘পাষাণের বাধ ভেঙ্গে মুক্তধারায় মত বেরিয়ে এসো’ ও ‘কল্যাণের দ্বীপ জেলে ছড়িয়ে যাও দিক-দিগন্তে’ শ্লোগানকে সামনে রেখে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের উদ্যোগে ১৩ তম ব্যাচের নবীনবরণ ও ৭ম ব্যাচের বিদায় সংবর্ধনা অনুষ্ঠান ২০১৮ ১০ এপ্রিল-২০১৮, মঙ্গলবার, সকাল: ১১টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রাণিবিদ্যা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ আবদুল আলীম। এছাড়াও অনুষ্ঠানে বক্তব্য প্রদান করেন লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদের সাবেক ডিন অধ্যাপক ড. মোঃ জাকারিয়া মিয়া এবং কলা অনুষদের সাবেক ডিন অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন নবীনবরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠান উদযাপন কমিটি ২০১৮-এর আহ্বায়ক এবং প্রাণিবিদ্যা বিভাগের সহযোগী অধ্যাপক আবদুল্লাহ-আল-মাসুদ। এছাড়া প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ সাইফুল ইসলাম, জগন্নাথ বিশ্ববিদ্যালয়



জগন্নাথ বিশ্ববিদ্যালয় Jagannath University



শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও বিভাগীয় সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী, সহযোগী অধ্যাপক এ. এইচ. এম. শফিউল্লাহ হাবিব ও বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মোঃ তরিকুল ইসলাম বক্তব্য প্রদান করেন।

অনুষ্ঠানে নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করা হয়। অনুষ্ঠান শেষে শিক্ষার্থীদের অংশগ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। এসময় বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।